ইত্তেফাক

তারিখ ..৩/১/৮২

কলাম

২৫৭

049

# প্রাথমিক শিক্ষক হয়রানির গোপন সার্কুলারের নিন্দা

( ইত্তেফাক রিপোর্ট )

বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতির ভারপ্রাপ্ত সভাপতি জনাব আলতাফ হোসেন ও সাধারণ সম্পাদক কাজী আবুল কাসেম ফজলুল হক প্রাথমিক শিক্ষক ও তাহাদের নেতৃবৃন্দকে হয়রানি করার জন্য প্রাথমিক ও গণশিক্ষা মহাপরিচালক কর্তৃক জারিকৃত "গোপন সার্কুলারের" নিন্দা করিয়াছেন। তাহারা বলেন, এই সার্কুলার শিক্ষকদের সংগঠন ভাঙ্গিবার দ্বিতীয় প্রচেষ্টা। তাহারা ১৫ই জানুয়ারী দেশব্যাপী বিক্ষোভ ও প্রতিবাদ সভা অনুষ্ঠানের জন্য দেশের সকল প্রাথমিক শিক্ষক-শিক্ষিকার প্রতি আহ্বান জানাইয়া বলেন, কোন রকম নির্যাতন এমনকি সকল শিক্ষককে চাকুরীচ্যুত করিয়াও আন্দোলন নস্যাত করা যাইবে না।

প্রাথমিক শিক্ষক সমিতির কারারুদ্ধ সভাপতি অধ্যাপক আবুল কালাম আজাদের মুক্তি ও তিনদফা দাবী সম্পর্কে আলোচনার জন্য আজ (রবিবার) সন্ধ্যা ৬টায় সরকারী ও গণকর্মচারী আন্দোলন সমন্বয় পরিষদ সেগুনবাগিচা কর ভবনে বৈঠকে মিলিত হইবে।

প্রাথমিক শিক্ষক সমিতি আহূত দেশব্যাপী বিক্ষোভ দিবস পালনের কর্মসূচী সম্পর্কে জরুরী আলোচনার জন্য সমিতির সভাপতি অধ্যাপক আবুল কালাম আজাদের বাসভবনে ৫ই জানুয়ারী সন্ধ্যায় বিরোধী দলীয় জাতীয় নেতৃবৃন্দ বৈঠকে মিলিত হইবেন।